

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
অডিট ও সমন্বয় শাখা  
পরিকল্পনা মন্ত্রণালয়  
[www.sid.gov.bd](http://www.sid.gov.bd)

নং- ৫২.০০.০০০০.০১০.২২.০০৩.২০-২৩৬

তারিখঃ ১৫ পৌষ ১৪২৭  
৩০ ডিসেম্বর ২০২০

বিষয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ২৭/১২/২০২০ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ (দুই) পাতা।



মো: আনোয়ার হোসেন  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৫৫০০৭৩৮৫

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ০১। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা/প্রশাসন/ উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০৩। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০৪। যুগ্ম সচিব (তথ্য ব্যবস্থাপনা/বাজেট, অডিট ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ০৫। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ০৬। সিস্টেম এনালিস্ট/ সিনিয়র সহকারী সচিব (সকল) / প্রোগ্রামার (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) / উপ-পরিচালক (এসডিজি সেল)/ সহকারী সচিব (সকল) / সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ সহকারী প্রোগ্রামার,, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০৮। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।

অনুলিপি:

সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়-কে সদয় অবহিত করণের অনুরোধসহ)।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
অডিট ও সমন্বয় শাখা  
পরিকল্পনা মন্ত্রণালয়  
[www.sid.gov.bd](http://www.sid.gov.bd)

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের 'নৈতিকতা কমিটি'-এর সভার কার্যবিবরণী

সভার তারিখ	: ২৭-১২-২০২০ স্থিঃ
সময়	: সকাল ১১.০০ ঘটিকা
স্থান	: সভা কক্ষ (ব্লক-০২), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভাপতি	: জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট "ক" সংযুক্ত

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মুহাম্মদ মেসবাহুল আলম জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর কার্যপত্র উপস্থাপনা করেন এবং যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়) মোছাঃ নূরজাহান খাতুন ২য় ত্রৈমাসিক প্রতিবেদন সভায় পাঠ করে শুনান। অতঃপর বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	স্ব স্ব অনুবিভাগ/অধিশাখা/শাখা-এর কোয়ার্টার ভিত্তিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ:  সভায় জানানো হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ অর্থবছরের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন গত ০৬/১০/২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে (হার্ড কপি ও সফট কপিসহ)। ২য় ত্রৈমাসিক প্রতিবেদনের খসড়ার উপর বিস্তারিত আলোচনা হয়।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ অর্থবছরের ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুতকৃত করে জরুরী ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন), SID এবং মহাপরিচালক, BBS


০২	অধিশাখা/শাখা পরিদর্শন: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তাগণ নিজ নিজ শাখা/অধিশাখা নিয়মিত পরিদর্শন করে প্রতিবেদন দাখিলের বিষয়ে আলোচনা হয়।	সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কর্মকর্তাগণ নিজ নিজ অধিশাখা/শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন।	অতিরিক্ত সচিব (প্রশাসন), SID এবং মহাপরিচালক, BBS
০৩	<u>ক্রয় পরিকল্পনাঃ</u> ২০২০-২১ অর্থবছরে মোট ক্রয় পরিকল্পনার ২০% e-GP পদ্ধতিতে ক্রয় কার্য সম্পন্ন করার প্রক্রিয়া চলমান রয়েছে এবং ফ্রেমওয়ার্ক চুক্তির অনুযায়ী ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নথি উপস্থাপন করা হয়েছে।	এখন থেকে e-GP পদ্ধতিতে সকল ক্রয় কার্য সম্পন্ন করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন), SID এবং মহাপরিচালক, BBS
০৪	<u>বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোঃ-</u>		
	বিবিএস-এর ২০২০-২১ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও ১ম ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করেছে এবং ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনের সাথে প্রেরিত প্রমাণকের ভিত্তিতে অর্জিতমান ৯৪% নির্ধারণ করা হয়েছে।	বিবিএস-এর ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় ত্রৈমাসিক প্রতিবেদন ৩১/১২/২০২০ তারিখের মধ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে। ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনে প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা (৬.১), স্ব-প্রনোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন (৯.৫) ও সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ (৪.১) সংক্রান্ত প্রমাণক জরুরী ভিত্তিতে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক, BBS

<u>বিবিধ সিদ্ধান্তঃ</u>			
০৫	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল প্রশিক্ষণ কার্যক্রম আইন ও প্রশিক্ষণ শাখা হতে নিয়মিত পরিচালিত হচ্ছে এবং একটি প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা হয়েছে।	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল প্রশিক্ষণ কার্যক্রম প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী পরিচালনা করতে হবে।	সিনিয়র সহকারী সচিব SID

৯

০৬	পরিসংখ্যান ভবনের সিডি দিয়ে অবাধ যাতায়াতের জন্য সবসময় সিডি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে সভায় আলোচনা হয়।	পরিসংখ্যান ভবনের সিডি দিয়ে অবাধ যাতায়াতের জন্য সবসময় সিডি পরিষ্কার-পরিচ্ছন্নতার কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং ভবনের সিডিতে রিচার্জবল লাইট লাগানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, BBS
০৭	প্রত্যেক শাখা, অধিশাখা ও অনুবিভাগে কর্মরত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরকৃত রিকুইজিশন এর মাধ্যমে মালামাল সরবরাহের বিষয়ে সভায় আলোচনা হয়।	প্রত্যেক শাখা, অধিশাখা ও অনুবিভাগে কর্মরত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরকৃত রিকুইজিশন এর মাধ্যমে মালামাল সরবরাহ করতে হবে এবং মালামাল সংগ্রহের পর তা স্টক রেজিস্টারে লিপিবদ্ধ করে রাখতে হবে। সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা একটি নির্ধারিত রিকুইজিশন ফরম প্রস্তুত করে সকল শাখায় বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন।	অতিরিক্ত সচিব (প্রশাসন), SID

৭। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 মুহাম্মদ ইয়ামিন চৌধুরী  
 সচিব  
 পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।